গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর
কাজী আলাউদ্দিন রোড, ঢাকা।

"মুজিব বর্ষের প্রতিশ্রুতি
সেবা, ত্যাগ ও অগ্রগতি"

স্মারক নং- ৫৮.০৩.০০০০.০০৩.৯৯.০৪৪.১৩- ৮৮ ১১/৮-(৩৫)  তারিখ: ০৫/৬/১৪২৮ বঃ / ২০/৯/২০২১ খ্রিঃ

বিষয়  আসন্ন শারদীয়া দুর্গাপূজা-২০২১ উদযাপন উপলক্ষে অগ্নিনিরাপত্তা বিষয়ক নির্দেশনা প্রদান প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, প্রতি বছরের ন্যায় এ বছরেও শারদীয়া দুর্গাপূজা মাঙ্গলিক আনুষ্ঠানিকতার মধ্য দিয়ে ১১ অক্টোবর হতে ১৫ অক্টোবর-২০২১ খ্রিঃ পর্যন্ত উদযাপিত হতে যাচ্ছে। এতদুপলক্ষে সমগ্র দেশের পূজামন্ডপগুলোর শান্তি শৃঙ্খলা এবং নিরাপত্তা বজায় রাখার জন্য সরকারি নির্দেশনা রয়েছে। যাতে যে কোন অশুভ শক্তি ও স্বার্থন্বেষী মহল সম্প্রদায়িক সম্প্রীতি বিনষ্ট করতে না পারে, সে দিকে সকলকে সজাগ দৃষ্টি রাখতে ও সতর্ক থাকতে হবে। তাই সকল বিভাগীয় শহর/জেলা সদর ও উপজেলার পূজামন্ডপগুলো সরেজমিনে পরিদর্শন ও পূজা কমিটির সম্মানিত সদস্যদের সাথে যোগাযোগ রক্ষা করে স্থানীয় প্রশাসন ও পুলিশ কর্তৃপক্ষের সাথে সমন্বয়ের মাধ্যমে যে কোন অনাকাঙ্খিত ও আপদকালীন পরিস্থিতিতে তাৎক্ষনিক সেবা প্রদানের লক্ষ্যে নিম্নবর্ণিত নির্দেশনাগুলো পালনের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১। সমগ্র দেশের পূজামন্ডপে দায়িত্বরতদের ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স এর স্থানীয় পর্যায়ের কর্মকর্তাদের মাধ্যমে অগ্নি প্রতিরোধ ও অগ্নিনির্বাপন বিষয়ে সচেতনতা বৃদ্ধি প্রদানের ব্যবস্থা করতে হবে,
২। প্রতিটি পূজামন্ডপ সরেজমিনে পরিদর্শন করে আওতাধীন এলাকার সকল পূজামন্ডপের তালিকা সংগ্রহপূর্বক কমিটির মোবাইল নম্বরসহ আগামী ৩০-০৯-২০২১ তারিখের মধ্যে অধিদপ্তরে প্রেরণ করতে হবে;
৩। দুর্গাপূজা উপলক্ষে পূজামন্ডপের ডিউটিতে ১১ অক্টোবর হতে ১৫ অক্টোবর, ২০২১ খ্রিঃ তারিখ পর্যন্ত অগ্নি নির্বাপণ ইউনিট নিয়োজিত রাখতে হবে;
৪। স্থানীয় প্রশাসনের চাহিদা মোতাবেক গুরুত্বপূর্ণ পূজামন্ডপে গাড়ি/পাম্প/ফায়ার এক্সটিংগুইসারসহ ০১টি অগ্নিনির্বাপন ইউনিট ও এ্যাম্বুলেন্স গাড়ি নিয়োজিত রাখতে হবে এবং স্থানীয় ভলান্টিয়ারদের সহযোগিতায় পূজামন্ডপ কমিটির উদ্যোগে অগ্নিনির্বাপক যন্ত্রসহ একটি ফায়ার ফাইটিং টিম গঠনকরার লক্ষ্যে স্ব স্ব এলাকার পূজামন্ডপ কমিটির সাথে যোগাযোগ রক্ষা করে বিষয়টি নিশ্চিত করতে হবে;
৫। প্রতিটি পূজামন্ডপের কমিটির সদস্যদের সাথে যোগাযোগ ও সমন্বয় রক্ষা করে পূজা কমিটির সদস্যদের/স্বেচ্ছাসেবকদের ফায়ার এক্সটিংগুইসার পরিচালনার/অপারেটিং বিষয়ে প্রশিক্ষণ প্রদান করতে হবে;
৬। যে সকল ফায়ার স্টেশনে টু-হুইলার ওয়াটারমিস্ট/মটর সাইকেল বরাদ্দ প্রদান করা হয়েছে সে সব এলাকার পূজামন্ডপ টু-হুইলার ওয়াটারমিস্ট মটর সাইকেল দিয়ে টহল ডিউটির ব্যবস্থা করতে হবে;
৭। প্রতিটি পূজামন্ডপে ০৫ কেজি ওজনের এবিসি ড্রাই পাউডার ফায়ার এক্সটিংগুইসার ও অগ্নিনির্বাপক যন্ত্র রাখার জন্য স্থানীয় পূজা কমিটিকে পত্রের মাধ্যমে অনুরোধ করতে হবে ও বিষয়টি জেলা প্রশাসন/উপজেলা প্রশাসন কর্তৃক আয়োজিত দুর্গাপূজার সভায় উপস্থাপন করা যেতে পারে;
৮। প্রতিটি পূজামন্ডপের কমিটি ও স্থানীয় ভলান্টিয়ারদের সাথে ফায়ার স্টেশন কর্তৃপক্ষ সার্বক্ষনিক যোগাযোগ রক্ষা করবে এবং তাদের টেলিফোন নম্বর সংগ্রহে রাখতে হবে;
৯। পূজামন্ডপে ফায়ার সার্ভিসের জরুরি টেলিফোন নম্বরসহ দুর্ঘটনা-দুর্যোগে করনীয় সম্পর্কে লিফলেট বিতরণ করতে হবে। যাতে যে কোন দুর্যোগ মূহর্তে তাৎক্ষনিক সংবাদ প্রদান করা যায়;
১০। পূজামন্ডপে অগ্নি প্রতিরোধক বৈদ্যুতিক তার/মান সম্পন্ন বৈদ্যুতিক তার বিদ্যুতের লোড অনুযায়ী ব্যবহারসহ অতি দাহ্যবস্তু ব্যবহার হতে বিরত থাকার জন্য স্থানীয় পূজা উদযাপন কমিটিকে পরামর্শ প্রদান করতে হবে;
১১। প্রতিটি পূজামন্ডপে আলোক সজ্জার জন্য ব্যবহারকৃত বৈদ্যুতিক ক্যাবল যাতে এলোমেলো অবস্থায় না থাকে বা অপরিকল্পিত ভাবে সাজ-সজ্জার বৈদ্যুতিক তারের জন্য জরুরি মূহর্তে ফায়ার সার্ভিসের অগ্নিনির্বাপণ গাড়ি যাতায়তে যাতে বাধাগ্রস্ত না হয় সে দিকে লক্ষ্য রাখার জন্য পূজা কমিটিকে পরামর্শ প্রদান করতে হবে;
১২। অসাবধানতাই অগ্নিকান্ডের প্রধান কারণ। তাই প্রতিটি পূজা মন্ডপে ধর্মীয় আচারাদির কারণে প্রজ্বলিত মোমবাতি, খোলাবাতি, ধুপবাতি সতর্কতার সাথে ব্যবহার করতে পূজা উদযাপন কমিটিকে পরামর্শ প্রদান করতে হবে;
১৩। স্থানীয় প্রশাসন ও পুলিশ প্রশাসনের সাথে সার্বক্ষনিক যোগাযোগ রক্ষা করা এবং তাদের টেলিফোন/সেল নম্বর সংগ্রহে রাখতে হবে;
১৪। যে কোন আপদকালীন পরিস্থিতি মোকাবেলার জন্য বিভাগীয় শহরে/জেলা/উপজেলা/ফায়ার স্টেশনে একটি Quick Response Team প্রস্তুত রাখতে হবে;
১৫। ঢাকায় বিশেষ পরিস্থিতি মোকাবেলার জন্য হাজমত টীম (কেমিক্যাল) ও কে-নাইন সার্চ টীম প্রস্তুত রাখতে হবে;
১৬। কোভিড-১৯ এর প্রাদুর্ভাবের জন্য পূজামন্ডপে নিয়োজিত কর্মকর্তা-কর্মচারীদের ফুল পিপিই, মাস্ক পরিধান করে বিশেষ সতর্কতা অবলম্বন করে ডিউটি পালন করতে হবে।

উপরোক্ত বিষয়টি তাঁর আওতাধীন সকল দপ্তর/স্টেশনে পত্র জারি ও তদারকি করতে হবে।

২০/৯/২১

লেঃ কর্ণেল জিল্লুর রহমান, পিএসসি
পরিচালক (অপাঃ ও মেইনঃ)

উপ-পরিচালক
ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স
ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/রংপুর/খুলনা/বরিশাল/সিলেট/ময়মনসিংহ।

**বিতরণঃ**

**অবগতিঃ**

১। সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা মহোদয়ের সদয় অবগতির জন্য।
২। মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা মহোদয়ের সদয় অবগতির জন্য।
৩। পরিচালক (প্রশাঃ ও অর্থ)/(প্রঃ উঃ পঃ) ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।

**কার্যার্থে:**

১। সহকারী পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স ঢাকা..................(সংশ্লিষ্ট সকল)। [তাঁর আওতাধীন জেলার পূজা মন্ডপ সমূহে আপদকালীন পরিস্থিতি মোকাবেলায় (Contingency plan) আগামী ৩০-০৯-২০২১ খ্রিঃ তারিখের মধ্যে অধিদপ্তরে প্রেরণ করতে হবে]।
২। ভারপ্রাপ্ত কর্মকর্তা, কেন্দ্রীয়/বিভাগীয় নিয়ন্ত্রণ কক্ষ, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/রংপুর/খুলনা/বরিশাল/ সিলেট/ময়মনসিংহ (তাকে বার্তাটি সংশ্লিষ্ট সকলকে অবহিত করে ডিউটিরত কর্মকর্তা/কর্মচারীদের ডিউটি তদারকি করে তা সময় সময় অধিদপ্তরের কর্তৃপক্ষকে অবহিত করতে অনুরোধ করা হলো)।

স্মারক নং- ৫৮.০৩.৩০২৬.০০২.৯৯.০১৬.১৬- ৩১৪৫/১৫  তারিখঃ ০৬/০৬/১৪২৮ বাং / ২১/০৯/২০২১ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপি প্রেরণ করা হলঃ

১. উপপরিচালক (প্রশাঃওঅর্থ), ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা মহোদয়ের সদয় অবগতির জন্য।
২. উপ পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, ঢাকা বিভাগ, ঢাকা মহোদয়ের সদয় অবগতির জন্য।
৩. উপ সহকারী পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, ঢাকা(জোন-১/২/৩/৪/৫) নারায়ণগঞ্জ (জোন-১/২), মুন্সিগঞ্জ , মানিকগঞ্জ, গাজীপুর, নরসিংদী। বর্ণিত পত্রের মর্মানুযায়ী আপনার আওতাধীন পূজা মন্ডপ সমূহে আপদকালীন পরিস্থিতি মোকাবেলায় (Contingency Plan) প্রস্তুত পূর্বক আগামি ২৭/০৯/২০২১ তারিখের মধ্যে অত্র দপ্তরের ই-মেইল এ প্রেরনের জন্য অনুরোধ করা হলো।
৪. ভারপ্রাপ্ত কর্মকর্তা, কেন্দ্রিয় নিয়ন্ত্রন কক্ষ, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা। বিষয়টি সকলকে অবহিত করার জন্য অনুরোধ করা হল।

২১/৯/২১

মোঃ আব্দুল হালিম
সহকারী পরিচালক,
ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স
ঢাকা।